

# মুগান্তর

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১১:১৮ এএম

সারাদেশ

## এইচএসসি: দিনাজপুর শিক্ষা বোর্ডে পাশের হারে রংপুর শীর্ষে



রংপুর বৃহরো

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ১০:৫৭ পিএম



এবার দিনাজপুর শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষার ফলাফলে ভালো করেছে রংপুর ক্যাডেট কলেজসহ জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান। একইসঙ্গে পাশের হার ও জিপিএ-৫ প্রাপ্তির দিক থেকেও বোর্ডের মধ্যে শীর্ষে রংপুর।

বৃহস্পতিবার দিনাজপুর শিক্ষা বোর্ডের প্রকাশিত ফলাফলের তথ্যমতে, এবারের পরীক্ষার ফলাফলে ৬৮ দশমিক ২৯ শতাংশ পাশের হার নিয়ে দিনাজপুর বোর্ডে শীর্ষে রয়েছে রংপুর জেলা। এ জেলায় ২ হাজার ৬২৬ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছেন। তবে ৬১ দশমিক ৭৩ শতাংশ নিয়ে দ্বিতীয় অবস্থানে নীলফামারী জেলা।

ফলাফলে দেখা যায়, এবার রংপুর ক্যাডেট কলেজ থেকে ৪৬ জন পরীক্ষায় অংশ নিয়ে সবাই জিপিএ-৫ পেয়েছেন। এর মধ্যে বিজ্ঞান বিভাগের ৪৪ ও মানবিকের দুজন শিক্ষার্থী রয়েছেন। এছাড়া কারমাইকেল কলেজ থেকে এবার ৯৬৩ জন পরীক্ষায় অংশ নিয়ে পাশ করেছেন ৭৯৮ জন। জিপিএ-৫ পেয়েছে ১৪১ জন। সরকারি বেগম রোকেয়া কলেজ থেকে ৯৮২ জন পরীক্ষা দিয়ে পাশ করেছেন ৮২৯ জন। জিপিএ-৫ পেয়েছে ১০৯ জন। রংপুর সিটি কলেজে ৬৯৬ জন পরীক্ষার্থী অংশ নিয়ে পাশ করেছেন ৫৬৩ জন। জিপিএ-৫ পেয়েছেন ৯৬ জন।

এছাড়া রংপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ থেকে এবার ৮৯৬ জন পরীক্ষায় অংশ নিয়ে পাশ করেছেন ৮৮৪ জন। জিপিএ-৫ পেয়েছেন ৪৫৬ জন। দি মিলেনিয়াম স্টারস স্কুল অ্যান্ড কলেজ থেকে ১৫০ জন পরীক্ষার্থী অংশ নিয়ে পাশ করেছেন ১৪৯ জন। জিপিএ-৫ পেয়েছেন ৮৮ জন। রংপুর পুলিশ লাইন্স স্কুল অ্যান্ড কলেজ থেকে ৭৯৬ জন অংশ নিয়ে ৭৮১ জন পাশ করেছেন। জিপিএ-৫ পেয়েছেন ৩৮২ জন। রংপুর কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজ থেকে ৫১৭ জন পরীক্ষা দিয়ে পাশ করেছেন ৪৮৪ জন। জিপিএ-৫ পেয়েছেন ৬৯ জন।

রংপুর চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি পাবলিক স্কুল অ্যান্ড কলেজ থেকে ৫০৪ জন অংশ নিয়ে ৪৮১ জন পাশ করেছেন এবং জিপিএ-৫ পেয়েছেন ২৪৮ জন এবং লায়ন্স স্কুল অ্যান্ড কলেজ থেকে এবার ৫৪৩ জন পরীক্ষায় অংশ নিয়ে পাশ করেছেন ৫৪২ জন। জিপিএ-৫ পেয়েছেন ১০০ জন।

এদিকে শতভাগ ফেলের তালিকায় রয়েছে চারটি কলেজ। এর মধ্যে জেলার মিঠাপুকুর উপজেলার পায়রাবন্দ বেগম রোকেয়া স্মৃতি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ। এ কলেজ থেকে ৯ জন পরীক্ষা দিয়ে সবাই ফেল করেছেন।

এছাড়া বদরগঞ্জ উপজেলার কুতুবপুর হাই স্কুল অ্যান্ড কলেজ থেকে ৪ জন, পীরগাছা উপজেলার কান্দিরহাট স্কুল অ্যান্ড কলেজ থেকে ১ জন এবং গঙ্গাচড়া উপজেলার বড়াইবাড়ী কলেজ থেকে ১ জন পরীক্ষায় অংশ নিয়ে ফেল করেছেন।